

৫. পথগশের পরবর্তী কবিদের মধ্যে জয় গোস্বামীই সন্তুষ্ট সবচেয়ে জনপ্রিয় কবি। তোমার পাঠ-অভিভ্রতা দিয়ে তাঁর কবিতার এই জনপ্রিয়তার কোনও কারণ কি তুমি অনুমান করতে পারো? সংক্ষেপে বুঝিয়ে লেখো। ১০

অথবা

৬. ছড়া আর কবিতার মধ্যে কী তফাত আছে বলে তোমার মনে হয়? তোমার পড়া রবীন্দ্রনাথের একটি-দুটি ছড়াকে সামনে রেখে বুঝিয়ে লেখো। ১০

৭. অতুলপ্রসাদ সেনের একটি গান আলোচনা করে কেন তোমার সেই গানটি পছন্দ বা পছন্দ নয় তা সংক্ষেপে আলোচনা করো। ১০

৮. ‘ছবি দেখার চোখ’ প্রবন্ধে সত্যজিৎ রায় কী বলতে চেয়েছেন? নিজের ভাষায় আলোচনা করো। ১০

অথবা

৯. নগরনাট্য এবং লোকনাট্যের মূল তফাত কী কী দেখাও। ১০

————— X ———

Ex./BANGLA/UG/CORE/1.1/2018

কলা অনুষদ অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০১৮

(স্নাতক প্রথম বর্ষ, প্রথম সেমেস্টার)

বিভাগ - বাংলা

প্রবেশক

কোর্স ইউ.জি. - ১.১

সময় দু ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও ৩টি প্রশ্নের উত্তর দাও।

১. ‘হ য ব র ল’ বইটির চরিত্রগুলি সত্যিই কি আজগুবি বলে তোমার মনে হয়? না কি বাস্তবের ছায়াপাত ঘটেছে তাদের মধ্যে? তোমার অভিমত যুক্তিসহ লেখো। ১০

অথবা

২. ‘পদিপিসীর বর্মী বাঙ্গ’ বইতে আমি’র সঙ্গে বড়োদের সম্পর্ক তোমার চোখে কী ভাবে ধরা দিল – বিস্তৃতভাবে জানাও। ১০

৩. ‘হাদয়ে প্রেমের শীর্ষ’ বইয়ের নানা লেখায় ছড়িয়ে আছে জয় গোস্বামীর কবি হয়ে ওঠার বৃত্তান্ত। তোমার পড়া রচনাগুলি থেকে কয়েকটি প্রসঙ্গ আলোচনা করে বুবিয়ে দাও এ কথার তাৎপর্য। ১০

অথবা

৪. ‘সুপুরিবনের সারি’-তে শঙ্খ ঘোষ কীভাবে একটি বালকের চোখ দিয়ে দেশভাগের যন্ত্রণা হাজির করেন তা সংক্ষেপে নিজের ভাষায় লেখো। ১০

(Turn over)